গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
চুয়াডাঙ্গা।
Email: chuadanga@cs.dghs.gov.bd

স্মারক নং-সিএস/চুয়া/শা-১/স্বাস্থ্য সহকারী নিয়োগ/২০২৫/৬৩৪ তারিখঃ ০৬/০৪/২০২৫খ্রিঃ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং-প্রশা-১/এডি/২সি-০৪/২০০৫/১৫৭ তারিখঃ ১৮ জানুয়ারী ২০২৪খ্রিঃ মুলে প্রাপ্ত ছাড়পত্র এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১০.২৪.৭ তারিখঃ ০৬ জানুয়ারী ২০২৫খ্রিঃ মোতাবেক সিভিল সার্জন, চুয়াডাঙ্গা এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে স্থায়ী রাজস্ব খাতের অন্তর্ভুক্ত ১৬ গ্রেডভুক্ত (পূর্বতন ৩য় শ্রেণি) নিম্নলিখিত পদে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে http://cschuadanga.teletalk.com.bd ওয়েব সাইটে) অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১। | স্বাস্থ্য সহকারী | ৩৯ (উনচল্লিশ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। | শুধুমাত্র চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূবণ এবং পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

১। আগ্রহী পদ প্রার্থীগণ http://cschuadanga.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েব সাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরণ করতে হবে।
অন্য কোনভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। আবেদন পত্র লিখিত , মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং জাতীয় পরিচয়পত্র অনুযায়ী চুয়াডাঙ্গা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে বা প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কোন ব্যক্তি ফৌজদারী অপরাধে দন্ডিত হলে কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

৪। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

৫। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে। তবে সংশ্লিষ্ট ইউনিয়নের শূন্য পদের ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের মধ্যে থেকে যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না তবে সংশ্লিষ্ট ইউনিয়নের ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের মধ্য থেকে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

৬। কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সবশেষ প্রজ্ঞাপন আদেশ নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৪.২৪.১৪১, তারিখঃ ২৩ জুলাই ২০২৪ খ্রিঃ মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবেঃ (ক) মেধাভিত্তিক-৯৩%, (খ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য-৫%, (গ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী-১% এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের-১%।

**৭। আবেদনকারীর বয়সঃ**

ক) ১৮/১১/২০২৪খ্রিঃ তারিখে প্রকাশিত গেজেট বিজ্ঞপ্তি মোতাবেক সকল আবেদনকারীর বয়স ১৫/০৪/২০২৫খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। এসএসসি সনদ/জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধণ সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমানিত হবে। ইতিপূর্বে যাহারা আবেদন করেছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১০.২৪.৭ তারিখ: ৬ জানুয়ারী ২০২৫খ্রিঃ মোতাবেক তাঁদের আবেদন বহাল থাকবে।

06/04/25

CamScanner

খ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদ (NOC)-এর মূল কপি জমা দিতে হবে।

গ) সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারী বিধি বিধান অনুসরণ পূর্বক সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Status নির্ধারিত Option Select করতে হবে।

৮। প্রার্থীগণকে আবেদনপত্র পূরণের সময় সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (UGC) হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় আবশ্যিকভাবে দাখিল করতে হবে

০৯। **অনলাইন (Online) আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপঃ**

ক) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৫/০৪/২০২৫ইং সকাল ১০.০০ ঘটিকা। Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৪/০৫/২০২৫বিকাল ০৪.০০ ঘটিকা।

খ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১০) ক) Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ ) ও স্বাক্ষর (দৈর্ঘ্য৩০০ × প্রস্থ ৮০ ) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সর্বোচ্চ সাইজ 60 KB হতে হবে।

খ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন ফরম এর একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১১) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত এক Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই) টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ১০০/- (এক শত) টাকা ও টেলিটক-এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ১১২/- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রে সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম এসএমএস:**

CSCHUADANGA<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: CSCHUADANGA ABCDEF send to 16222.

**Reply:** Applicant's name, Tk.112/- will be charged as application fee. Your PIN is XXXXXXXX. To pay fee Type CSCHUADANGA <space> Yes <space> PIN and send to 16222 নম্বরে।

**দ্বিতীয় এসএমএসঃ**

CSCHUADANGA <space> Yes <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: CSCHUADANGA YES 12345678

**Reply SMS:** Congratulations Applicant's Name, payment complete successfully for CSCHUADANGA Application for (post name) User ID is (ABCDEF) and password (XXXXXXXX.)

১২) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cschuadanga.teletalk.com.bd অথবা www.cs.chuadanga.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে।

Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

১৩) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

০৬/০৪/২৫

CamScanner

১৪) শুধুমাত্র Teletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে: CSCHUADANGA <space> HELP <space> USER<space>User ID & send to 16222.

Example: CSCHUADANGA HELP USER ABCDEF

(খ) PIN Number জানা থাকলে :CSCHUADANGA <space> Help <space>PIN <space>PIN Number & send to 16222.

Example: CSCHUADANGA HELP PIN 12345678

১৫) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা chuadanga@cs.dghs.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ http://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: CSCHUADANGA, Post Name: *** Applicants User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১৬) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী প্রথম শ্রেনণর কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূলসনদ/সাময়িক সনদ/প্রত্যয়ন পত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

(খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র।

(গ) চাকুরীর আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা ইত্যাদি সনদপত্র।

(ঘ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমাণক।

(চ) ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠি (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

(ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র।

(জ) এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঝ) আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য (ন্যূনতম ২১ দিনের প্রশিক্ষণ যা ৩০/০৬/২০২৩ এর পূর্বে সম্পন্ন) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য মর্মে আনসার ভিডিপির জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র।

(ঞ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।

(ট) Download কৃত Applicant's Copy & Admit Card এর সত্যায়িত কপি।

১৭) স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বা:অধি:/প্রশা-২/৩য় শ্রেণি নিয়োগ-৩/২০১৮/৪৫২৫ তারিখ-১০/০৮/২০১৮ ইং মোতাবেক ইং ০৯/১০/২০১৮ তারিখে দৈনিক ইত্তেফাক ও ইং ১৫/১০/২০১৮ তারিখে দৈনিক মাথাভাঙ্গা পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে এবং সিভিল সার্জন অফিস, চুয়াডাঙ্গার স্মারক নং-সিএস/চুয়া/শা-১/স্বাস্থ্য সহকারী নিয়োগ/২০২৪/৬৬৩ তারিখ ১৭/০৪/২০২৪খ্রিঃ মোতাবেক ২৩/০৪/২০২৪ ইং তারিখে দৈনিক ইত্তেফাক , The daily Tribunal ও দৈনিক মাথাভাঙ্গা পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী উল্লেখিত পদে ইতোপূর্বে অনলাইনে আবেদন করেছেন তাদের পুনরায় নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

১৮) প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেওয়া হবে না।

১৯) প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভুল/ভিন্ন তথ্য দিয়ে একাধিকবার ফরম পুরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহণ করলে অথবা পরীক্ষায় অসদুপায় গ্রহণ করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে ও পরে , এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করাসহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইনে আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২১) নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি বিধান প্রতিফলিত হবে।

২২) যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

CamScanner

২৩) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও আইএমই বিভাগের ওয়েবসাইট www.cs.chuadanga.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd/ ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.cs.chuadanga.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

২৪) সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরীতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেষ্ট করা হবে। **ডোপটেষ্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গন্য হবে।**

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

০৬/৪/২৫
(ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ)
কোড নং-১১৪০১৮
সিভিল সার্জন, চুয়াডাঙ্গা
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য়/ ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড)
জনবল নিয়োগ কমিটি।

স্মারক নং-সিএস/চুয়া/শা-১/স্বাস্থ্য সহকারী নিয়োগ/২০২৫/৬৩৪(২৪) তারিখঃ ০৬/০৪/২০২৫খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-

০১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকষণঃ উপসচিব (প্রশাসন-১ অধিশাখা)।
০২. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকষণঃ সহকারী পরিচালক, সমন্বয়।
০৩. পরিচালক (প্রশাসন/অর্থ/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৪. পরিচালক(স্বাস্থ্য), খুলনা বিভাগ, খুলনা ও সভাপতি পূবতন ৩য়/৪থ শ্রেণির (১১-২০ গ্রেড), জনবল নিয়োগ কমিটি।
০৫. জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা। দৃষ্টি আকষণঃ জনাব আহমেদ মাহবুব-উল-ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক ও সদস্য পূবতন ৩য়/৪থ শ্রেণির (১১-২০ গ্রেড), জনবল নিয়োগ কমিটি।
০৬. পুলিশ সুপার, চুয়াডাঙ্গা।
০৭. জনাবা নাসরিন সুলতানা, উপ-পরিচালক, বাংলাদেশ কম কমিশন,সচিবালয় আঞ্চলিক কাযালয়, ৩৭ খালিশপুর হাইজিং এস্টেট, খুলনা ও সদস্য পূবতন ৩য়/৪থ শ্রেণির (১১-২০ গ্রেড), জনবল নিয়োগ কমিটি।
০৮. নির্বাহী প্রকৌশলী, গণপূত বিভাগ/এলজিইডি/স্বাস্থ্য প্রকৌশলী/পানি উন্নয়ন বোড, চুয়াডাঙ্গা।
০৯. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/যুব উন্নয়ন অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তর, চুয়াডাঙ্গা।
১০. জনাব ডা. মোঃ শেখ ছাদেক, সিনিয়র সহকারী সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য পূবতন ৩য়/৪থ শ্রেণির (১১-২০ গ্রেড), জনবল নিয়োগ কমিটি।
১১. জেলা তথ্য অফিসার, চুয়াডাঙ্গা।
১২. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চুয়াডাঙ্গা।
১৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কমকর্তা, সদর/আলমডাঙ্গা/দামুড়হুদা,জীবননগর, চুয়াডাঙ্গা।
১৪. নোটিশ বোড, সিভিল সাজন অফিস, চুয়াডাঙ্গা।
১৫. অফিস নথি।

০৬/৪/২৫
(ডা. হাদী জিয়া উদ্দিন আহমেদ)
কোড নং-১১৪০১৮
সিভিল সার্জন, চুয়াডাঙ্গা
ও
সদস্য সচিব
পূর্বতন ৩য়/ ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড)
জনবল নিয়োগ কমিটি।

CamScanner

| SL | District | Upazila | Union | Ward Number | Vacant Post |
|---|---|---|---|---|---|
| 01 | Chuadanga | Chuadanga Sadar | Alukdia | Former Ward-2 | 1 |
| 02 | Chuadanga | Chuadanga Sadar | Alukdia | Former Ward-3 | 1 |
| 03 | Chuadanga | Chuadanga Sadar | Mominpur | Former Ward-1 | 1 |
| 04 | Chuadanga | Chuadanga Sadar | Mominpur | Former Ward-2 | 1 |
| 05 | Chuadanga | Chuadanga Sadar | Kutubpur | Former Ward-1 | 1 |
| 06 | Chuadanga | Chuadanga Sadar | Sankorchandra | Former Ward-1 | 1 |
| 07 | Chuadanga | Chuadanga Sadar | Titudaha | Former Ward-3 | 1 |
| 08 | Chuadanga | Chuadanga Sadar | Padmabila | Former Ward-2 | 1 |
| 09 | Chuadanga | Alamdanga | Hardi | Former Ward-1 | 1 |
| 10 | Chuadanga | Alamdanga | Hardi | Former Ward-3 | 1 |
| 11 | Chuadanga | Alamdanga | Baradi | Former Ward-1 | 1 |
| 12 | Chuadanga | Alamdanga | Baradi | Former Ward-3 | 1 |
| 13 | Chuadanga | Alamdanga | Gangni | Former Ward-3 | 1 |
| 14 | Chuadanga | Alamdanga | Khadimpur | Former Ward-2 | 1 |
| 15 | Chuadanga | Alamdanga | Khadimpur | Former Ward-3 | 1 |
| 16 | Chuadanga | Alamdanga | Belgachi | Former Ward-3 | 1 |
| 17 | Chuadanga | Alamdanga | Dauki | Former Ward-3 | 1 |
| 18 | Chuadanga | Alamdanga | Jamjami | Former Ward-1 | 1 |
| 19 | Chuadanga | Alamdanga | Jamjami | Former Ward-2 | 1 |
| 20 | Chuadanga | Alamdanga | Nagdah | Former Ward-1 | 1 |
| 21 | Chuadanga | Alamdanga | Nagdah | Former Ward-2 | 1 |
| 22 | Chuadanga | Alamdanga | Khashkorora | Former Ward-1 | 1 |
| 23 | Chuadanga | Damurhuda | Juranpur | Former Ward-1 | 1 |
| 24 | Chuadanga | Damurhuda | Juranpur | Former Ward-3 | 1 |
| 25 | Chuadanga | Damurhuda | Karpasdanga | Former Ward-2 | 1 |
| 26 | Chuadanga | Damurhuda | Kurulgachi | Former Ward-2 | 1 |
| 27 | Chuadanga | Damurhuda | Kurulgachi | Former Ward-3 | 1 |
| 28 | Chuadanga | Damurhuda | Per-Madna | Former Ward-2 | 1 |
| 29 | Chuadanga | Damurhuda | Per-Madna | Former Ward-3 | 1 |
| 30 | Chuadanga | Damurhuda | Hawli | Former Ward-2 | 1 |
| 31 | Chuadanga | Damurhuda | Hawli | Former Ward-3 | 1 |
| 32 | Chuadanga | Damurhuda | Damurhuda | Former Ward-1 | 1 |
| 33 | Chuadanga | Damurhuda | Damurhuda | Former Ward-3 | 1 |
| 34 | Chuadanga | Jibannagar | Utholi | Former Ward-1 | 1 |
| 35 | Chuadanga | Jibannagar | Utholi | Former Ward-2 | 1 |
| 36 | Chuadanga | Jibannagar | Andulbaria | Former Ward-3 | 1 |
| 37 | Chuadanga | Jibannagar | Banka | Former Ward-1 | 1 |
| 38 | Chuadanga | Jibannagar | Simanto | Former Ward-1 | 1 |
| 39 | Chuadanga | Jibannagar | Simanto | Former Ward-3 | 1 |

07/04/25

(Dr. Hadi Zia Uddin Ahmed)
Code No : 114018
Civil Surgeon, Chuadanga.

CamScanner